

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 24-03-2025

**Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) রাজ্য বিধানসভায় আজ থেকে ২০২৫-২৬ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের উপরে আলোচনা শুরু হয়েছে।
- (২) কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জগৎ প্রকাশ নাদ্ডা বলেন, ২০২৫ সালের মধ্যে ভারতকে টিবি মুক্ত করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ।
- (৩) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানিয়েছেন, গত তিন বছরে রাজ্যে সাইবার ক্রাইমে মোট ১২৩টি মামলা রুজু করা হয়েছে এবং ৭৪ জন অভিযুক্তকে গ্রেফতার করা হয়েছে।
- (৪) আসাম রাইফেলস সেন্টিনাল ফুটবলের মেয়েদের বিভাগে ত্রিপুরা দল ফাইনালে উঠেছে।

Assembly-Budget Discussion :

রাজ্য বিধানসভায় আজ থেকে ২০২৫-২৬ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের উপরে আলোচনা শুরু হয়েছে। আলোচনার সূচনা করে বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী বলেন, সামগ্রিক বিকাশের জন্য বাজেট তৈরি হওয়া প্রয়োজন। সরকার দেশকে উন্নতির দিকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছে তা অবশ্য অস্বীকার করার উপায় নেই। তবে বিকশিত ভারত গড়ার যে কথা বলা হচ্ছে তা বাস্তবায়িত করতে হলে বিশেষ বিশেষ ক্ষেত্রে অধিক আর্থিক বরাদ্দ প্রয়োজন। বাজেটে কর্মসংস্থানের জন্য সুনির্দিষ্ট বরাদ্দ ও প্রতিশ্রুতি থাকা প্রয়োজন বলেও তিনি উল্লেখ করেন।

বাজেট প্রস্তাবের উপর আলোচনায় অংশ নিয়ে বিধায়ক গোপাল চন্দ্র রায় বলেন, এই বাজেটে যা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে তা রাজ্যের উন্নয়নের জন্য যথেষ্ট নয়। রাজ্যের পর্যটন ক্ষেত্রের বিকাশের লক্ষ্যে বাজেটে আরো অধিক অর্থ বরাদ্দ করা প্রয়োজন বলে তিনি মন্তব্য করেন। বাজেট আলোচনায় অন্যান্যদের মধ্যে অংশগ্রহণ করেন বিধায়ক রামু দাস ও রঞ্জিত দাস।

World TB Day :

আজ বিশ্ব যক্ষ্মা দিবস। এ উপলক্ষ্যে আজ নয়াদিল্লির বিজ্ঞান ভবনে আয়োজিত অনুষ্ঠানে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জগৎ প্রকাশ নাদ্ডা বলেন, ২০২৫ সালের মধ্যে ভারতকে টিবি মুক্ত করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। তিনি যক্ষ্মা রোগী এবং ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর স্বাস্থ্যের উন্নতির জন্য জনগণের সার্বিক সহযোগিতা আহ্বান করেছেন। অনুষ্ঠানে তিনি যক্ষ্মা রোগের বিরুদ্ধে লড়াইয়ে সরকারের গৃহীত পদক্ষেপগুলি বিস্তারিত উল্লেখ করেন। শ্রী নাদ্ডা যক্ষ্মা রোগীদের ব্যাপক সহায়তা প্রদানকারী সমস্ত স্বাস্থ্যসেবা কর্মীদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বলেন, টিবি মুক্ত ভারত গড়ার লক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী যে উদ্যোগ নিয়েছেন তা বর্তমানে সারা বিশ্বের বিভিন্ন দেশ মডেল হিসেবে গ্রহণ করেছে।

#####Byte-J P Nadda#####

টিবি মুক্ত ভারত অভিযানে উল্লেখযোগ্য সাফল্যের জন্য এই অনুষ্ঠানে ত্রিপুরা সহ বিভিন্ন রাজ্যকে পুরস্কৃত করা হয়।

World TB Day–State :

রাজ্যব্যাপী নানা কর্মসূচির মধ্য দিয়ে আজ বিশ্ব যক্ষ্মা দিবস পালন করা হয়। পশ্চিম জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি ও সাইক্লোহলিক্স ফাউন্ডেশনের উদ্যোগে আগরতলা যক্ষ্মা নিবারণী এসোসিয়েশন হলের সামনে

থেকে এক সচেতনতামূলক সাইকেল রেলি অনুষ্ঠিত হয়। রেলির উদ্বোধন করেন টিবি এসোসিয়েশনের সেক্রেটারি ডঃ নীলাঞ্জন ভট্টাচার্য। রাজ্যের প্রতিটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও জেলা হাসপাতালে সচেতনতামূলক আলোচনা সভা ও বিভিন্ন স্থানে লিফলেট বিতরণ করা হয়।

সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত আজ সিপাহীজলা জেলা ভিত্তিক বিশ্ব যক্ষ্মা দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন। তিনি বলেন, সিপাহীজলা জেলার অন্তর্গত ৭ টি ব্লকের ৬২ টি পঞ্চায়েত ও ভিলেজ কমিটিকে টিবি মুক্ত হিসেবে চিহ্নিত করা হয়েছে। উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সহকারী সভাধিপতি পিন্টু আইচ, অতিরিক্ত জেলাশাসক রিঙ্কু লাথের প্রমুখ। সবুজ পতাকা নেড়ে টিবি মুক্ত ভারত অভিযানের আই.ই.সি ভ্যানের যাত্রার সূচনা করেন অতিথিরা।

টিবি হারেগা দেশ জিতেগা"-এই বার্তাকে সামনে রেখে প্রধানমন্ত্রী টিবি মুক্ত ভারত অভিযানের অঙ্গ হিসেবে আজ কাঞ্চনপুর টাউন হলে অনুষ্ঠিত হয় বিশ্ব যক্ষ্মা দিবস। কাঞ্চনপুর মহকুমা হাসপাতাল এবং উত্তর জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর আয়োজিত অনুষ্ঠানে জিলা সভাধিপতি অপর্ণা নাথ সচেতনতার মাধ্যমে টিবি রোগ নির্মূল করতে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান। উল্লেখ্য, উত্তর জেলায় বর্তমানে টিবি রোগে আক্রান্তের সংখ্যা ৪১৮ জন। তবে উত্তর ত্রিপুরা জেলা স্বাস্থ্য দপ্তর ইতিমধ্যে ৮৬টি গ্রাম পঞ্চায়েত এবং এডিসি ভিলেজকে টিবি মুক্ত গ্রাম ঘোষণা করেছে।

কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রেও আজ "বিশ্ব যক্ষ্মা দিবস" পালিত হয় হয়। উদ্বোধন করেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। তিনি বলেন, যক্ষ্মা রোগকে প্রতিহত করতে ব্যাপক জনসচেতনতা জরুরি। এক্ষেত্রে একযোগে সবাইকে এগিয়ে আসতে হবে। অনুষ্ঠানে এ উপলক্ষ্যে এক বর্ণময় শোভাযাত্রা কৈলাশহরের বিভিন্ন পথ পরিভ্রমণ করে।

আজ দক্ষিণ জেলা স্বাস্থ্য আধিকারিকের কার্যালয়েও আজ বিশ্ব যক্ষ্মা দিবস উদযাপন করা হয়। উদ্বোধন করেন দক্ষিণ জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত। প্রধানমন্ত্রী টিবি মুক্ত ভারত অভিযানের ১০০ দিনের প্রচারাভিযানেরও সমাপ্তি ঘোষণা করা হয় অনুষ্ঠানে। অনুষ্ঠানে টিবি মুক্ত

পঞ্চায়েত অভিযানে উল্লেখযোগ্য কাজের জন্য নির্বাচিত ৯৯টি পঞ্চায়েত ও ভিলেজ কমিটিকে শংসাপত্র প্রদান করা হয়।

TBSE :

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি ধনঞ্জয় গণ চৌধুরী আজ জানিয়েছেন, এ বছরের মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের কাজ আগামী দোসরা এপ্রিল থেকে শুরু হবে। মধ্যশিক্ষা পর্ষদের ১০টি টিম আজ থেকে রাজ্যের সমস্ত পরীক্ষা কেন্দ্র থেকে উত্তরপত্র সংগ্রহের কাজ শুরু করেছে।

NSS :

জলের অপচয় বন্ধ করার জন্য জনগণকে সচেতন করার এক ব্যতিক্রমী উদ্যোগ গ্রহণ করেছে আগরতলার মহিলা মহাবিদ্যালয়ের এনএসএস ইউনিটের ছাত্রীরা। আজ তারা আগরতলা শহরের জনবহুল রাস্তায় পথ চলতি মানুষকে জল সংরক্ষণ বিষয়ে সচেতন করার পাশাপাশি তাদের হাতে লিফলেট তুলে দেন। কলেজের এনএসএস ইউনিটের প্রোগ্রাম অফিসার রমা ভট্টাচার্য এখবর জানিয়েছেন।

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে মার্চ রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২০তম পর্ব। প্রধানমন্ত্রী জনগণকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নমঃ APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড

করানো যাবে। জনগনের পরামর্শ এমাসের ২৮ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

Sound Byte

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

Assembly-CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানিয়েছেন, গত তিন বছরে রাজ্যে সাইবার ক্রাইমে মোট ১২৩টি মামলা রুজু করা হয়েছে এবং ৭৪ জন অভিযুক্তকে গ্রেফতার করা হয়েছে। আজ বিধানসভায় বিধায়ক সুদীপ রায় বর্মণের এক প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী এতথ্য জানান। তিনি জানান, রাজ্যের বিভিন্ন থানায় নথীভুক্ত হওয়া গুরুত্বপূর্ণ এবং সংবেদনশীল সাইবার ক্রাইম মামলা গুলির পুঙ্খানুপুঙ্খ তদন্তের জন্য পুলিশ মহানির্দেশকের অনুমোদনক্রমে সাইবার ক্রাইম ইউনিটে পাঠানো হয়। সাইবার ক্রাইম সেল National Cyber Crime Reporting Portal-এর সহযোগীতায় জনগনের প্রতারণিত অর্থের পুনরুদ্ধার, সামাজিক মাধ্যমের অপটিকর পোস্ট মুছে ফেলা এবং

সাইবার অপরাধ সংক্রান্ত অভিযোগ নথীভুক্ত করতে সহায়তা করে। সাইবার অপরাধ সংক্রান্ত অভিযোগ নথীভুক্তকরনে জনসাধারণকে জাতীয় টোল-ফ্রী নম্বর ১৯৩০ বা ১১২ এবং cybercrime.gov.in পোর্টাল সম্পর্কে সচেতন করা হচ্ছে।

মুখ্যমন্ত্রী আরো জানান, সাইবার ক্রাইম ইউনিট স্হাপন করা সহ সাইবার অপরাধ সংক্রান্ত বিষয় পরিচালনা করার জন্য রাজ্যের জেলাস্তরে একটি করে সাইবার ক্রাইম সেল গঠন করা হয়েছে। এতে, সাইবার ক্রাইম প্রশিক্ষণ প্রাপ্ত মোট ১৫১ জন অফিসার এবং ১১৩ জন বিভিন্ন স্তরের পুলিশ কর্মী মোতায়েন রয়েছেন।

PM-Yoga-Award :

জাতীয় ও আন্তর্জাতিকস্তরে যোগার বিকাশ ও প্রচারের ক্ষেত্রে অবদানের জন্য প্রাইম মিনিস্টার'স যোগা অ্যাওয়ার্ড প্রদানের উদ্যোগ নিয়েছে আয়ুষ মন্ত্রণালয়। এই পুরস্কার প্রদানের উদ্দেশ্য হল যোগার প্রচার ও প্রসারের মাধ্যমে যে সকল ব্যক্তি বা সংগঠন সমাজে উল্লেখযোগ্য প্রভাব ফেলেছে এমন ব্যক্তি/সংগঠনকে স্বীকৃতি ও সম্মানিত করা। আয়ুষ মন্ত্রক ২০২৫ সালের উক্ত মর্যাদাপূর্ণ পুরস্কারের জন্য আবেদনপত্র গ্রহণের প্রক্রিয়া শুরু করেছে। যোগব্যায়ামের প্রচার ও বিকাশে অনবদ্য ট্র্যাক রেকর্ড রয়েছে এমন ইচ্ছুক ব্যক্তি বা সংগঠন অনলাইনে innovateindia.mygov.in পোর্টালে গিয়ে পি এম যোগা এওয়ার্ড হাইপার লিঙ্ক খুলে আবেদন করতে পারেন। আগামী ৩১ মার্চের মধ্যে এই আবেদনপত্র জমা দিতে হবে। কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রণালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।

Football :

আসাম রাইফেলস সেন্টিনাল ফুটবলের মেয়েদের বিভাগে ত্রিপুরা দল ফাইনালে উঠেছে। আজ আসামের লকরার মাঠে আসরের সেমিফাইনালে ত্রিপুরা ১-০ গোলে স্বাগতিক আসামকে পরাজিত করে। রাজ্যদলের পক্ষে

দিপালী হালাম জয়সূচক গোলটি করে। আগামী ২৮শে মার্চ ফাইনাল ম্যাচটি শিলং-এ অনুষ্ঠিত হবে।

T-20 Cricket :

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সমীরন চক্রবর্তীর স্মৃতি টি-২০ ক্রিকেটের সেমিফাইনালে উঠেছে ব্লাডমাউথ ক্লাব, জয়নগর ক্রিকেট ক্লাব, সংহতি ক্লাব ও কসমোপলিটান ক্লাব। আজ আসরের চারটি কোয়ার্টার ফাইনাল হয়। এম বি বি স্টেডিয়ামে দুটি খেলায় ব্লাডমাউথ ক্লাব ৪ উইকেটে শতদল সংঘকে এবং সংহতি ক্লাব ৫৬ রানে স্কুলিঙ্গ ক্লাবকে পরাজিত করে। অপরদিকে পুলিশ ট্রেনিং একাডেমির মাঠে দুটি খেলায় জয়নগর ক্রিকেট ক্লাব ৯ উইকেটে ওল্ড প্লে সেন্টারকে এবং কসমোপলিটান ক্লাব ৪ উইকেটে হার্ভে ক্লাবকে হারিয়ে দেয়।

Weather :

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস।
